

আমাদের ইনিস্টিটিউট স্কুলের শিক্ষাকার্যক্রম অনুসরণের জন্য

"G Suite"ব্যবস্থা গ্রহন করেছে। এটি Google-ব্র্যান্ডেড একটি প্ল্যাটফর্ম যার মাধ্যমে আপনি যোগাযোগ বজায় রাখতে এবং খুব সহজ ও অনায়েসে ডিজিটাল অ্যাকাউন্ট পরিচালনা করতে পারবেন। Google অ্যাপসটি আপনাদের নিরাপত্তা ও গোপনীয়তা,এবং সংযোগ ও ইন্টারঅপারেশনের সুযোগ দিয়ে থাকবে এমনকি শিক্ষক ও ছাত্রছাত্রীদের মধ্যে সহজ যোগাযোগ ব্যবস্থা প্রদান করে থাকবে।

সকল শিক্ষার্থীদের সেবা দেবার লক্ষে এই পদ্ধতিটি অনেক গুলো অ্যাক্সেস ব্যবস্থা আছে, যার মধ্যে রয়েছে:

- Email personale: ব্যক্তিগত ইমেইল এর মাঝে সীমাহীন জায়গা (স্পেস স্টোরেজ) থাকবে। শিক্ষাপ্রতিষ্ঠানে সঙ্গে প্রয়োজনীয় যোগাযোগ বিনিময় করার লক্ষে এই ই-মেইলটি গঠন করা হয়েছে(এটি শুধু ছাত্র ও শিক্ষকদের মাঝে সীমিত);
- Google Drive গুগল ড্রাইভ: যার মাধ্যমে আপনি অনলাইনে সব ধরনের ফাইল সংরক্ষণ করতে পারবেন, কোন(স্পেস)বা নির্দিষ্ট সীমা ছাড়াই;
- Google Classroom: গুগল ক্লাসরুম একটি ভার্সুয়াল ক্লাস যেখানে ছাত্রছাত্রীরা সক্রিয় ভাবে সরাসরি ক্লাসে অংশগ্রহন করতে পারবে এবং শিক্ষকদের পাঠানো শিক্ষাউপাদান পেয়ে থাকবে।
- Google Hangouts Meet: গুগল হ্যাংআউট মিট: ছাত্রছাত্রী এবং অভিভাবকদের জানা উচিত যে আপনারা সন্তানের স্কুল হতে দেওয়া যে অ্যাক্সেস নাম-কোর্ডটি পেয়েছেন তা শুধুমাত্র শিক্ষামূলক স্কুলের কাজে ব্যবহারের জন্য। অ্যাকাউন্ট অ্যাক্টিভেট করতে শিক্ষার্থীদের Google পেইজে গিয়ে লগ ইন করতে হবে, উপরের ডানদিকে নীল বোতামটির উপর ক্লিক করবেন তারপর

লগইনের জন্য প্রমাণপত্রাদি বা আপনার পরিচয় নিম্ন দেয়া হলো: সবার জন্য একই নিয়ম, প্রথমে লিখবেন

(ব্যবহারকারীর নাম.তারপর ব্যবহারকারীর বংশগত নাম@তারপর শিক্ষাপ্রতিষ্ঠানের নাম) যেমনটি লিখা আছে

Password: পাসওয়ার্ডের জায়গায় লিখবেন:

প্রথমবার লগইন করার পর আপনি আপনার পাসওয়ার্ডটি পরিবর্তন করে ফেলবেন। তারপর পাসওয়ার্ডটি পরিবর্তন করে কনফিগার হবার পর আপনি আইন এবং তথ্য গত হিসেবে রেজিস্ট্রিভুক্ত হবেন।

নির্দেশাবলী

1. Google হোম পেজে লিখবেন: <https://www.google.it>

2. সাইন ইন করতে ক্লিক করুন (লাল তীরচিহ্নটি দেখুন)

3. শিক্ষার্থীর নাম.বংশগত নাম @শিক্ষাপ্রতিষ্ঠানের নাম, যেমনটি দেখতে পাচ্ছেন:

4. আপনার লগইন পাসওয়ার্ডটি লিখুন. প্রথম লগ ইন পাসওয়ার্ড সবার জন্য এক:

5. Conferma এ ক্লিক করে কনফার্ম করুন।

6. আপনাকে একটি নতুন পাসওয়ার্ড দিয়ে প্রবেশ করতে বলা হবে। পাসওয়ার্ড নিশ্চিত করতে হবে নিচের বাক্সে। এটা মনে রাখবেন যে কমপক্ষে আটটি অক্ষর লাগবে, এর মধ্যে অন্তত একটি সংখ্যা, একটি বড় হাতের অক্ষর, এবং একটি প্রতীকচিহ্ন সহ পাসওয়ার্ডটি তৈরি করতে হবে। সবাই অনুগ্রহ করে মনে রাখবেন যে এই পাসওয়ার্ডটি একান্তই ব্যক্তিগত তাই পরিবারের বাইরে এটি জানানো উচিত নয়।

7. প্রথম বার সাইন ইন করে আপনি আপনার ব্যক্তিগত gmail পেজে যাবেন.

8. শিক্ষকদের দ্বারা পরিচালিত শিক্ষাকার্যক্রমে অ্যাক্সেস করতে উপরের ডানদিকে বিন্দুটিতে ক্লিক করুন (লাল তীরচিহ্নটি দেখুন)।